সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 06:42 PM

সারাদেশ

খাগড়াছড়িতে বজ্রপাতে প্রাণ গেল স্বামী-স্ত্রীর

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



সংগৃহীত ছবি

খাগড়াছড়ি সদর উপজেলার নুনছড়ির থলিপাড়া পুনর্বাসন এলাকায় বজ্রপাতে এক দম্পতির মৃত্যু হয়েছে। নিহত ব্যক্তিরা হলেন উচিমং মারমা (৫৫) ও তার স্ত্রী চাইঞাও মারমা (৪৫)।

শনিবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। গ্রাম কার্বারী কান্তা ত্রিপুরা নিহত দম্পতির বড় ছেলের বরাতে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

নিহত দম্পতির বড় ছেলে আখং মারমা জানান, সন্ধ্যায় মুষলধারে বৃষ্টির সময় তার বাবা ঘরের সামনের উঠানে গোসল করছিলেন এবং মা ঘরের দরজায় দাঁড়িয়ে ছিলেন। এ সময় হঠাৎ বিকট শব্দে বজ্রপাত হলে ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়। বজ্রপাতের ফলে তাদের ঘরের সোলার প্যানেলসহ অন্যান্য জিনিসপত্র ক্ষতিগ্রস্ত হয়েছে।

খাগড়াছড়ির গোলাবাড়ি ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান জ্ঞান দত্ত ত্রিপুরা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, দাহক্রিয়া সম্পন্ন করার উদ্দেশ্যে সহায়তার জন্য বিষয়টি উপজেলা প্রশাসন ও স্থানীয় দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে (পিআইও) জানানো হয়েছে।

এ বিভাগের আরও খবর



বেনাপোল সীমান্তে ২৮ লক্ষ টাকা মূল্যের ভারতীয় কসমেটিক্স সামগ্রী আটক

যশোরের বেনাপোল সীমান্তে অভিযান পরিচালনা করে ভারতীয় চোরাচালানী মালামাল আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যরা।শনিবার (৩১ অক্ট...



দিরাইয়ে এইচএসসিতে পাসের হার ৪৭.৮২ শতাংশ, এক কলেজে পাস করেনি কেউ

সুনামগঞ্জের দিরাই উপজেলায় ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ১০টি কলেজ থেকে অংশ নেওয়া ১ হাজার ৮৬১ শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ৮৯০ জন। উপজেলায় গড় পা...



ব্রাহ্মণবাড়িয়ায় নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আলামিন গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের বিশেষ অভিযানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা আলামিন সরকারকে (৩২) গ্রেফতার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টা...



চোর ধরায় এমপির বিরুদ্ধে চেষ্টা হচ্ছে অপবাদ, প্রতিবাদে বিএনপির বিক্ষোভ

সংসদ সদস্য অ্যাড. নূরুল ইসলাম নূরুলের বিরুদ্ধে মিথ্যাচারের প্রতিবাদে সুনামগঞ্জ সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপির উদ্যোগে সুনামগঞ্জ শহরে বিক্ষো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/saradesh/khagdachhdite-bjrpate-pran-gel-sbami-strir